DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 23 Nov 2026, 07:12 PM

সারাদেশ

মানিক পশারীর গার্ড অব অনার ও দাফনে বাধার প্রতিবাদে মুক্তিযোদ্ধাদের সভা

প্রতিবেদক: পিরোজপুর প্রতিনিধি
প্রকাশের তারিখ: শনিবার, ৩১ অক্টোবর ২০২৬, ০২:৪২ PM



পিরোজপুরে বীর মুক্তিযোদ্ধা মানিক পশারীর মৃত্যুর পর রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান ও পারিবারিক কবরস্থানে দাফন নিয়ে সৃষ্ট পরিস্থিতির প্রতিবাদে সভা করেছেন জেলার মুক্তিযোদ্ধারা।

শনিবার দুপুরে পিরোজপুর জেলা মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধা প্রজন্মের উদ্যোগে এ প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। এতে জেলার বিভিন্ন উপজেলার মুক্তিযোদ্ধারা অংশ নেন।

সভায় সভাপতিত্ব করেন যুদ্ধকালীন ক্যাম্প কমান্ডার বীর মুক্তিযোদ্ধা ওবায়দুল কবির বাদল। প্রধান বক্তা ছিলেন যুদ্ধকালীন ক্যাম্প কমান্ডার বীর মুক্তিযোদ্ধা নুরদীদা খালেদ রবি।

সভায় বক্তারা বলেন, বীর মুক্তিযোদ্ধা মানিক পশারীর মৃত্যুর পর রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান এবং পারিবারিক কবরস্থানে দাফন

নিয়ে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে, তা দুঃখজনক ও প্রতিবাদযোগ্য। তাঁরা মুক্তিযোদ্ধাদের রাষ্ট্রীয় সম্মান ও মর্যাদা অক্ষুণ্ন রাখার দাবি জানান।

বক্তারা এ ঘটনার সুষ্ঠু তদন্ত করে দায়ীদের চিহ্নিত করার পাশাপাশি তাঁদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানান। একই সঙ্গে ভবিষ্যতে কোনো মুক্তিযোদ্ধার রাষ্ট্রীয় সম্মান ও মর্যাদা ক্ষুণ্ন হয়, এমন পরিস্থিতি যেন সৃষ্টি না হয়, সে বিষয়েও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।

এ বিভাগের আরও খবর



আখাউড়ায় জুলাই আন্দোলনের বিস্ফোরক মামলায় এনসিপি নেতা গ্রেপ্তার, থানার সামনে বিক্ষোভ
ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ায় জুলাই আন্দোলন-সংশ্লিষ্ট বিস্ফোরক মামলায় সায়েব আলী নামের জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) এক নেতাকে গ্রেপ্তার করেছে পুলি...



সুনামগঞ্জে নারী শিক্ষা ও কর্মসংস্থান নিয়ে সামাজিক নিরীক্ষার প্রতিবেদন জেলা প্রশাসকের কাছে হস্তান্তর
সুনামগঞ্জের চার উপজেলায় নারী শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ-সুবিধা, প্রতিবন্ধকতা ও সম্ভাবনা নিয়ে পরিচালিত সামাজিক নিরীক্ষার প্র...



ব্রাহ্মণবাড়িয়ায় ফিজিশিয়ান স্যাম্পল বিক্রি, তিন ফার্মেসিকে জরিমানা
ব্রাহ্মণবাড়িয়া পৌর শহরে বিক্রয় নিষিদ্ধ ফিজিশিয়ান স্যাম্পল অবৈধভাবে মজুত ও বিক্রির দায়ে তিনটি ফার্মেসিকে ১৬ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্য...



২২ বছর পর ১২ ডিসেম্বর সুনামগঞ্জ সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান

দীর্ঘ প্রায় ২২ বছর পর আগামী ১২ ডিসেম্বর সুনামগঞ্জ সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তাঁর এ সফর উপলক্ষে জেলা স্টেডিয়ামে আয়োজন করা হচ্ছে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/manik-psharir-gard-ob-onar-o-dafne-badhar-prtibade-muktijoddhader-sbha